

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি মাধ্যমিক-১  
www.shed.gov.bd

নম্বর-৩৭.০০.০০০০.০৭১.০৪.০০৩.২০. ২৭৯

তারিখ: ০৬ বৈশাখ ১৪২৮ বঙ্গাব্দ  
১৯ এপ্রিল, ২০২২ খ্রিস্টাব্দ


প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোহাম্মদ ইউনুস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হিসেবে চট্টগ্রাম জেলার বোয়ালখালী উপজেলায়, কর্মরত থাকাকালে তার বিরুদ্ধে ১৯.০৮.২০২০ খ্রিস্টাব্দ তারিখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮- ৩ এর উপবিধি (খ) ও (ঘ) ধারা মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযোগ গঠন করা হয়; এবং যেহেতু, তিনি উক্ত অভিযোগের লিখিত জবাব দাখিল করেছেন এবং ব্যক্তিগত শুনানীতে উপস্থিত হয়ে মৌখিক বক্তব্য পেশ করেছেন; এবং যেহেতু জবাব ও বক্তব্য পর্যালোচনায় তার বিরুদ্ধে জাতীয়করণের লক্ষ্যে বিদ্যালয়ের নাম সঠিকভাবে প্রেরণ না করার অভিযোগ প্রমাণিত হয়েছে;

সেহেতু, জনাব মোহাম্মদ ইউনুস, সাবেক উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বোয়ালখালী, চট্টগ্রাম (বর্তমানে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজনগর, মৌলভীবাজার)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৬ এর উপবিধি (৪) অনুযায়ী তিরস্কার দণ্ডে দণ্ডিত করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


  
(মো: আবু বকর ছিদ্দিক)  
সচিব

নম্বর-৩৭.০০.০০০০.০৭১.০৪.০০৩.২০.

তারিখ: ০৬ বৈশাখ ১৪২৮ বঙ্গাব্দ  
১৯ এপ্রিল, ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি কার্যার্থে প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
২. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ।)
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ।)

  
২২.০৪.২২  
(আলমগীর হুসাইন)  
উপসচিব  
ফোন: ৯৫৪৫৯৭৪